

মোবাইল : 01401413145

ভর্তি সংক্রান্ত তথ্যাবলী

- বাংলা মাধ্যম ও ইংলিশ ভার্সনের ফরম বছরের নভেম্বর মাসে এবং ইংলিশ মিডিয়ামের ফরম বছরের মে মাসে দেয়া হয় ।
- বাংলা মাধ্যম ও ইংলিশ ভার্সনে ঢাকা শিক্ষা বোর্ডের পাঠ্যসূচী ও ইংলিশ মিডিয়ামে কেমব্রিজ পাঠ্যসূচী পড়ানো হয় ।
- বাংলা মাধ্যম ও ইংলিশ ভার্সনের সকল শ্রেণিতে প্রভাতী শাখায় ছাত্রী ও দিবা শাখায় ছাত্র ভর্তি করা হয় এবং ইংলিশ মিডিয়ামে প্রভাতী ও দিবা উভয় শাখায় ছাত্র / ছাত্রী ভর্তি করা হয় ।
- ছাত্র / ছাত্রী ভর্তির বয়স সীমা :

বাংলা মাধ্যম ও ইংলিশ ভার্সন		ইংলিশ মিডিয়াম	
প্লে গ্রুপ (E.V.)	৩+	PG	3+
নার্সারী	৪+	Nursery	4+
কেজি	৫+	K G - I	5+
প্রথম	৬+	K G - II	6+
দ্বিতীয়	৭+	Grade - I	7+

- প্রতিবছর সব মাধ্যমেই বয়স অনুযায়ী শ্রেণিভিত্তিক আবেদন ফরম দেয়া হয়। আবেদন ফরমের মূল্য বাংলা মাধ্যম - ২০০/=, ইংলিশ ভার্সন ও ইংলিশ মিডিয়াম - ৩০০/=
- সঠিক বয়স অনুযায়ী একজন শিক্ষার্থী একটি মাত্র ফরম নিতে পারবে। একাধিক শ্রেণি বা একাধিক মাধ্যমে ফরম উঠানো যাবে না।
- ফরম নেয়ার সময় কোন শ্রেণি ভুল হলে তাকে দ্বিতীয়বার ফরম কিনতে হবে। ঐ ফরম বদলানো যাবে না।
- যে শিক্ষার্থী যে মাধ্যমের ফরম তুলবে তাকে সেই মাধ্যমেই ঐ বছরের জন্য ভর্তি হতে হবে। কোন ভাবেই মাধ্যম বদলানো যাবে না।
- ফরম পূরণের ক্ষেত্রে প্রত্যেক কলাম যথাযথভাবে পূরণ করতে হবে।
- যে শিক্ষার্থী যেদিন ফরম নিবে তার তিনদিনের মধ্যে জমা দিতে হবে। শেষ দিনে ফরম নিলে সেই দিনই বিকালের মধ্যে ফরম জমা দিতে হবে। পরে আর জমা নেয়া হবে না।
- আবেদন ফরম জমা দেয়ার সময় প্রত্যেক ছাত্র / ছাত্রীর ২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ জমা দিতে হবে।
- ছাত্র/ছাত্রী ভর্তি হবার সময় প্রবেশ পত্র দেখিয়ে ভর্তি ফরম নিতে হবে। ভর্তি ফরমের সাথে ছাত্র / ছাত্রীর ২ কপি ছবি , পিতার ১ কপি ও মাতার ১ কপি ছবি , পিতা মাতা না থাকলে অভিভাবকের ১ কপি পাসপোর্ট সাইজ ছবি এবং পূর্বের স্কুলের T.C সহ PSIF ফরম পূরণ করে জমা দিতে হবে। ছাত্র / ছাত্রী ও পিতা মাতার ছবি ও T.C ব্যতীত কোন ফরম গ্রহন যোগ্য নয়।
- যদি কোন কারণে কেউ বছরের মাঝখানে ভর্তি হয় এবং T.C জমা না দেয় তবে তাকে Session এর শুরু থেকে বেতন দিতে হবে।
- ছাত্র/ছাত্রীদের মাসিক বেতন চলতি মাসের ১৫ তারিখের মধ্যে ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হবে উক্ত সময়ের মধ্যে প্রদান না করলে ১০০/= (প্রতি মাস) বিলম্ব ফি প্রদান করতে হবে। প্রতি মাসে বেতন পরিশোধ করার পর টিচার কপি শ্রেণি শিক্ষক/শিক্ষিকাকে জমা দিতে হবে। ভর্তি / বেতন রসিদ কোন ভাবেই হারানো যাবে না।
- কোন শিক্ষার্থী পরপর তিনমাস বেতন না দিলে তার ভর্তি বাতিল বলে গন্য হবে। তিনমাস পর বেতন দিলে পুনরায় ভর্তি ফি দিতে হবে।
- বেতন দেবার সময়সূচি : সকাল ১০:০০ টা থেকে ২:০০ টা (রমজান মাসে ১:০০টা) পর্যন্ত।
- কোন ছাত্র/ছাত্রী T.C নিলে তার ভর্তি ফি / পুনঃ ভর্তি ফির বকেয়া ( যদি থাকে ) এবং চলতি মাসের বেতন সহ সব পরিশোধ করে আবেদন পত্রের সাথে রসিদের কপি জমা দিয়ে T.C নিবে। অন্যথায় T.C নেয়া যাবে না।
- স্কুল ইউনিফর্ম নেয়ার সময় অবশ্যই ভর্তি রশিদের ফটোকপি জমা দিতে এবং মূলকপি দেখাতে হবে।
- অভিভাবকবৃন্দকে স্কুল প্রাঙ্গনে ফরম নেয়া, জমা দেয়া ও ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যাবলির সময় সারিবদ্ধভাবে লাইনে দাড়িয়ে নিরবতা ও শৃঙ্খলা বজায় রাখতে হবে। কোন ভাবেই শৃঙ্খলা ভঙ্গ করা যাবে না।
- ভর্তি সংক্রান্ত কার্যাবলির সময়সূচী সকাল ৯:০০টা থেকে ২:০০ টা ( শনিবার ও রমজান মাসে ১:০০ টা) পর্যন্ত।

কর্তৃপক্ষ

সাউথ পয়েন্ট স্কুল এন্ড কলেজ